বাংলাদেশ-যুক্তরাষ্ট্র অর্থনৈতিক সম্পর্ক জোরদারে আশাবাদ সার্জিও গোরের



ছবি: সংগৃহীত

বাংলাদেশে বিনিয়োগের সম্ভাবনা যাচাইয়ে শিগগিরই মার্কিন বিনিয়োগকারীদের একটি প্রতিনিধি দল সফরে আসছে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের বিশেষ দূত সার্জিও গোর। তিনি বলেন, প্রধানমন্ত্রীর সঙ্গে অনুষ্ঠিত বৈঠক ইতিবাচক ও ফলপ্রসূ হয়েছে।

শনিবার (১ আগস্ট) সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান।

সার্জিও গোর বলেন, ‘প্রধানমন্ত্রীর সঙ্গে আমাদের অত্যন্ত ফলপ্রসূ আলোচনা হয়েছে। আগামী সপ্তাহে মার্কিন বিনিয়োগকারীদের একটি দল বাংলাদেশ সফর করবে। তারা সম্ভাব্য বিভিন্ন খাতে বিনিয়োগের সুযোগ ও সম্ভাবনা নিয়ে সংশ্লিষ্টদের সঙ্গে বৈঠক করবে এবং প্রয়োজনীয় যাচাই-বাছাই সম্পন্ন করবে।’

বৈঠকে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যকার অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধি এবং দ্বিপাক্ষিক সম্পর্ক আরও শক্তিশালী করার বিষয়েও আলোচনা হয়।

বৈঠক শেষে সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ দেওয়া এক পোস্টে সার্জিও গোর দুই দেশের অর্থনৈতিক অংশীদারত্ব আরও সম্প্রসারণের আশাবাদ ব্যক্ত করেন। তিনি জানান, প্রধানমন্ত্রীর সঙ্গে অনুষ্ঠিত আলোচনায় বাণিজ্য ও বিনিয়োগসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন খাতের সম্ভাবনা নিয়ে মতবিনিময় হয়েছে। যৌথ উদ্যোগের মাধ্যমে উভয় দেশের জন্য ইতিবাচক ফল অর্জন সম্ভব বলেও মন্তব্য করেন তিনি।

এর আগে শুক্রবার কক্সবাজারের উখিয়া ও টেকনাফে রোহিঙ্গা আশ্রয়শিবির পরিদর্শন করেন মার্কিন এই বিশেষ দূত। সেখানে তিনি ক্যাম্পের সার্বিক পরিস্থিতি, মানবিক সহায়তা কার্যক্রম এবং বাস্তুচ্যুত রোহিঙ্গাদের জীবনযাত্রা সম্পর্কে অবহিত হন। সফরকালে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তা, আন্তর্জাতিক সংস্থা এবং মানবিক সহায়তা কার্যক্রমে যুক্ত প্রতিনিধিদের সঙ্গেও মতবিনিময় করেন তিনি।

উল্লেখ্য, তিন দিনের সরকারি সফরে গত ৩০ জুলাই ঢাকায় পৌঁছান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিশেষ দূত সার্জিও গোর। তার এ সফরকে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক জোরদারের চলমান কূটনৈতিক প্রচেষ্টার অংশ হিসেবে দেখা হচ্ছে।